দৈনিক বাংলা

তারিখ ২০/৯/৮১

167

# ঢাকা বোর্ড : এইচএসসিতে পাসের হার ৫৪:০৭

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের ১৯৮১ সালের এইচএসসি পরীক্ষার ফল বুধবার প্রকাশিত হয়েছে। পাসের হার ৫৪ দশমিক শূন্য সাত শতাংশ।

অংশগ্রহণকারী মোট ৩৯ হাজার ১২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ২১ হাজার ৯৪ জন। এর মধ্যে এক হাজার সাতশ' ৪৭ জন প্রথম বিভাগে, আট হাজার সাতশ' ৬৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১০ হাজার পাঁচশ' ৮৩ জন তৃতীয় বিভাগে

(৩-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা বোর্ড

(১ম পৃঃ পর)

উত্তীর্ণ হয়েছেন।

সম্মিলিত মেধা তালিকায় শীর্ষ স্থান অধিকার করেছেন ঢাকা কলেজের ছাত্র আবুল কালাম। তিনি মোট নয়শ' ১৫ নম্বর পেয়েছেন। সম্মিলিত মেধা তালিকার ২০টি স্থান অধিকার করেছেন ২৬ জন ছাত্র-ছাত্রী। এদের মধ্যে ২১ জনই ঢাকা কলেজের ছাত্র।

বিজ্ঞান বিভাগের ১৬ হাজার চারশ' ৬২ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছেন ১০ হাজার তিনশ' ৩৪ জন। এর মধ্যে এক হাজার পাঁচশ' ৮৫ জন প্রথম বিভাগে, পাঁচ হাজার ছয়শ' ৬৫ জন দ্বিতীয় বিভাগে, তিন হাজার ৮৪ জন তৃতীয় বিভাগে পাস করেছেন।

কলা বিভাগে অংশ নেন ১৬ হাজার চারশ' ১৫ জন পরীক্ষার্থী। পাস করেছেন সাত হাজার আটশ' ৬৯ জন। প্রথম বিভাগ পেয়েছেন একশ' ১৬ জন, দ্বিতীয় বিভাগ এক হাজার নয়শ' ৯৮ জন এবং তৃতীয় বিভাগ পাঁচ হাজার সাতশ' ৫৫ জন।

বাণিজ্য বিভাগে অংশগ্রহণকারী পাঁচ হাজার দুশ' ২৭ জনের মধ্যে উত্তীর্ণ হয়েছেন দু' হাজার চারশ' ২৫ জন। এদের ৩৩ জন প্রথম বিভাগে, সাতশ' ৯৯ জন দ্বিতীয় বিভাগে, এক হাজার পাঁচশ' ৯৩ জন তৃতীয় বিভাগে পাস করেছেন।

কৃষি বিভাগের ছয়শ' ৯৪ জনের মধ্যে তিনশ' ২০ জন, গার্হস্থ্য অর্থনীতির একশ' ৮৬ জনের একশ' ২৯ জন এবং ইসলামী শিক্ষার ১৬ জনের আট জন, সঙ্গীতে ১২ জনের মধ্যে নয় জন উত্তীর্ণ হয়েছেন।

### সম্মিলিত মেধা তালিকা

প্রথম : আবুল কালাম, ঢাকা কলেজ, রোল ১৪ (চারটি লেটার), দ্বিতীয় : ইকবাল হোসেন, ঢাকা কলেজ, রোল ২৯ (তিনটি লেটার), তৃতীয় : আশফাক মনসুর, ঢাকা কলেজ, রোল ৬৩ (চারটি লেটার), চতুর্থ : মুহম্মদ খালেদুল ইসলাম, রেসিডেন্সিয়াল মডেল স্কুল, রোল ৯১৯ (চারটি লেটার), পঞ্চম : সৈয়দ মোস্তফা মাহমুদ, ঢাকা কলেজ, রোল ৫১ (চারটি লেটার), ষষ্ঠ : আবুল মনসুর, ঢাকা কলেজ, রোল ১৩ (তিনটি লেটার), মোহাম্মদ সাইফুল ইসলাম, ঢাকা কলেজ, রোল ৮৬ (তিনটি লেটার), খুরশীদ-ই-খুদা আলকদার, নটরডেম কলেজ রোল ৪১৭৫ (তিনটি লেটার), সপ্তম : মোহাম্মদ জিয়াউল ইসলাম, ঢাকা কলেজ, রোল ১৮২ (তিনটি লেটার), মোহাম্মদ শাহ আলম, ঢাকা কলেজ, রোল ২৩২ (চারটি লেটার)। অষ্টম : মাহমুদ হোসেন, ঢাকা কলেজ, রোল ৬২ (চারটি লেটার), নবম : মোহাম্মদ সেলিম শাহরিয়ার, ঢাকা কলেজ, রোল ১৭৩ (তিনটি লেটার), দশম : আনিসুল হক, ঢাকা কলেজ, রোল ৮৫ (দুটি লেটার), একাদশ : মালিক আবদুল্লাহ সাদ খান, ঢাকা কলেজ, রোল ২৬ (তিনটি লেটার), মোহাম্মদ শওকত বারী, রেসিডেন্সিয়াল মডেল স্কুল, রোল ৯২০ (চারটি লেটার). দ্বাদশ : তারিক আহসান, ঢাকা কলেজ, রোল ৯৭ (চারটি লেটার), ত্রয়োদশ : মনজুরুল হক, ঢাকা কলেজ, রোল ১৪৬ (চারটি লেটার), চতুর্দশ : মোহাম্মদ মাহফুজুর রহমান, ঢাকা কলেজ, রোল ১৭৮ (তিনটি লেটার)।

পঞ্চদশ : শহীদুল হক, ঢাকা কলেজ, রোল ৩২৩ (তিনটি লেটার), ষোড়শ : আবুল কাসেম মোহাম্মদ শাহাদত হোসাইন, রেসিডেন্সিয়াল মডেল স্কুল, রোল ৯২৯ (তিনটি লেটার), সপ্তদশ : এ কে এম মনিরুজ্জামান চৌধুরী, ঢাকা কলেজ, রোল ৮৮ (তিনটি লেটার), অষ্টাদশ : মোহাম্মদ নাসিমুল ইসলাম, ঢাকা কলেজ, রোল ২৩ (তিনটি লেটার), মোহাম্মদ হোসেন আখতার উস সামাদ, ঢাকা কলেজ, রোল ৬৬ (দুটি লেটার), ঊনবিংশ : মোহাম্মদ মুজিবর রহমান খান, ঢাকা কলেজ, রোল ৯০ (তিনটি লেটার), বিংশ : শেজাদ হোসেন, ঢাকা কলেজ, রোল ২২ (তিনটি লেটার), রুমানা মাসুদ জামালী, হলিক্রস কলেজ, রোল ২৯১৫ (দুটি লেটার)। সম্মিলিত মেধা তালিকায় ২০টি স্থান অধিকারী সকলেই বিজ্ঞান বিভাগের।

### কলা বিভাগের প্রথম তিনজন

কলা বিভাগে ছেলে ও মেয়েদের মধ্যে প্রথম হয়েছেন হলিক্রস কলেজের ছাত্রী তৃপা শাহীনা হক (রোল ৩৮৬১০, দুটি লেটার)।

দ্বিতীয় হয়েছেন হলিক্রস কলেজের শাহেদিনা মোস্তফা (রোল ৩৮৬৭৫, তিনটি লেটার) এবং তৃতীয় হলিক্রস কলেজের নায়লা সুরাইয়া ইসলাম (রোল ৩৮৬২৪, দুটি লেটার)।

### বাণিজ্য বিভাগের প্রথম তিনজন

বাণিজ্য বিভাগে শীর্ষস্থান অধিকার করেছেন ফরিদপুর সরকারী রাজেন্দ্র কলেজের ছাত্রী সালমা করিম (রোল ৫০৬৮৬, একটি লেটার)। দ্বিতীয় হয়েছেন ঢাকা কলেজের মোহাম্মদ বেল্লালুর রহমান (রোল [illegible]৩৭২০ একটি লেটার)। নটরডেম কলেজের মহিউদ্দিন আহমদ (রোল ১৪৮৮০) তৃতীয় হয়েছেন

### অন্যান্য বিভাগ

কৃষিবিজ্ঞান বিভাগে প্রথম হয়েছেন মানিকগঞ্জ সরকারী দেবেন্দ্র কলেজের জীবন কৃষ্ণ নন্দী (রোল ৬১৪৬১)।

গার্হস্থ্য অর্থনীতি বিভাগে প্রথম হয়েছেন গার্হস্থ্য অর্থনীতি মহাবিদ্যালয়ের ছাত্রী ফৌজিয়া মজুমদার (রোল ৬০১৩৮)।